[redacted]

[redacted]

চুয়াডাঙ্গা ৬ বিজিবির অভিযানে মাদক ও চোরাচালান পণ্য জব্দ

চুয়াডাঙ্গা ৬ বিজিবি মাদক বিরোধী অভিযান চালিয়ে এক ১ সপ্তাহের ব্যাবধানে ৫৫ লাখ টাকার চোরাচালানপণ্য জব্দ করেছে।

বিজিবি জানায়,চুয়াডাঙ্গা ও মেহেরপুর সীমান্ত এলাকায় গত ২৩ জুলাই থেকে ৩০ জুলাই ২০২৫ পর্যন্ত সপ্তাহব্যাপী চলমান মাদক ও চোরাচালানবিরোধী অভিযান পরিচালনা করে মাদক ও চোরাচালান পন্য জব্দ করে।জব্দকৃত মালামালের মধ্যে রয়েছে ১০.৮৩৪ কেজি ভারতীয় দানাদার রুপা, ১৪৪ বোতল বিদেশি মদ, ১৪ কেজি গাঁজা, ৩৮ বোতল ফেন্সিডিল, ২০ গ্রাম হেরোইন, ৪৪ পিস ভায়াগ্রা ট্যাবলেট, ১০০ পিস চায়না দুয়ারী জাল, ২৯ পিস শাড়ি, ১৩ পিস থ্রিপিস, ২০ কেজি পেঁয়াজের বীজ, ২০০ পিস পাতার বিড়ি, ১২৭ পিস কসমেটিকস সামগ্রী, ০২টি মোবাইলফোন এবং আরও অন্যান্য চোরাচালানপণ্য।

অভিযানের সময় দুইজন চোরাকারবারীকে হাতেনাতে আটক করা হয়।বিজিবি আরও বলেন,মাদক বিরোধী অভিযান অব্যাহত থাকবে।

চুয়াডাঙ্গায় জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান দিবস উৎযাপন করলো রোভার

বাংলাদেশ স্কাউটস চুয়াডাঙ্গা জেলা রোভারের আয়োজনে ও চুয়াডাঙ্গা সরকারি কলেজের ব্যবস্থাপনায় শনিবার সকাল দশটায় জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান দিবস উৎযাপন উপলক্ষে জুলাই আন্দোলনে শহিদদের স্মরণে র্যালি,রক্তদান কর্মসূচি, স্বরচিত কবিতা আবৃত্তি, উপস্থিত বক্তৃতা, পোস্টার ও দেয়ালিকা প্রকাশ, জুলাই-আগস্ট আন্দোলনের স্মৃতি নিয়ে চিত্রাঙ্কন,ফটোগ্রাফি ও ভিডিও ফুটেজ প্রদর্শন প্রতিযোগিতা ও বৃক্ষ রোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

দিনব্যাপী প্রোগ্রামে অফিসার অব দা ডে হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা রোভারের সাবেক সম্পাদক ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সহকারী কমিশনার(সংগঠন ও বিধি) জাহিদুল হাসান(এএলটি)। দিনব্যাপী এই আয়োজনে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা রোভারের সম্পাদক আব্দুর মুর্কিত জোয়ার্দ্দার(এএলটি), চুয়াডাঙ্গা জেলা রোভারের সহকারী কমিশনার(ভূ-সম্পত্তি) ও অধ্যক্ষ নিগার সিদ্দিক ডিগ্রি কলেজ আবু নাসির(উডব্যাজ), চুয়াডাঙ্গা জেলা রোভারের কোষাধ্যক্ষ লিয়াকত আলী(উডব্যাজ), চুয়াডাঙ্গা জেলা রোভারের রোভার স্কাউট লিডার প্রতিনিধি এমদাদ হোসেন(উডব্যাজ), চুয়াডাঙ্গা জেলা রোভারের যুগ্ম সম্পাদক শাফিউল ইসলাম, হেলেনা নাসরিন(উডব্যাজ)।

এছাড়াও চুয়াডাঙ্গা জেলা রোভারের কার্যনির্বাহী কমিটির অন্যান্য সম্মানিত ইউনিট লিডার ও সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। দিনব্যাপী এ আয়োজনে বিভিন্ন প্রতিযোগিতায় রোভার ও গার্ল ইন রোভার অংশগ্রহণ করেন।

বিভিন্ন প্রতিযোগিতা শেষে বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল থেকে প্রেরিত জুলাই আন্দোলন পরবর্তী সময়ে চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন স্থানে ট্রাফিক সেবাদান কার্যক্রমে অংশগ্রহণকারী রোভার স্কাউট লিডার, রোভার এবং গার্ল ইন রোভারদের মাঝে সনদ বিতরণ করা হয়।

চুয়াডাঙ্গা বিজিবি’র অভিযানে ভারতীয় দানাদার রুপা আটক

চুয়াডাঙ্গা ০৬ বিজিবির অভিযানে ০৯ কেজি ভারতীয় দানাদার রুপাসহ একটি ইজিবাইক আটক করেছে।

গতকাল বুধবার দুপুর ২ টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর অধীনস্থ মুন্সিপুর বিওপির একটি বিশেষ আভিযানিক দল কার্পাসডাঙ্গা মুচির বটতলা এলাকায় অবস্থান নেয়।

এ সময় মুন্সিপুর ক্যাম্পের হাবিলদার মিজানুর রহমানের নেতৃত্বে,

সীমান্ত মেইন পিলার ৯৩/৪-আর হতে ০১ কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে একটি ইজিবাইক আটক করে। ইজিবাইক চালক ইজিবাইক ফেলে পালিয়ে যায়। পরে বিজিবি ইজিবাইক তল্লাশি করে ৯ কেজি ভারতীয় রুপা আটক করে।

এ ঘটনায় হাবিলদার মিজানুর রহমান বাদী হয়ে দামুড়হুদা থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) দায়ের করেন। জব্দকৃত দানাদার রুপা চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা দেওয়ার প্রক্রিয়া চলমান রয়েছে।

সীমান্তে হত্যা কোনোভাবেই মেনে নেওয়া হবে না- নাহিদ ইসলাম

“দেশ গড়তে জুলাই পদযাত্রা” কর্মসূচিতে নবম দিনে চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন স্থানে পদযাত্রা ও পথসভা করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)।

গতকাল বুধবার মেহেরপুরের গাংনী থেকে বেলা একটায় হাটবোয়ালিয়া বাজারে পৌঁছালে স্থানীয় বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা বৃষ্টিতে ভিজেই এনসিপির নেতাদের স্বাগত জানান এরপর দুপুর দুইটায় চুয়াডাঙ্গা বড় বাজার হাসান চত্ত্বরে এনসিপি নেতৃবৃন্দ পথসভা করেন। মুষলধারে বৃষ্টির মধ্যে পথসভায় উপস্থিত হাজারো মানুষের প্রতি এনসিপির কেন্দ্রীয় নেতৃবৃন্দ কৃতজ্ঞতা প্রকাশ করেন।

পথসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম। এ সময় চুয়াডাঙ্গার সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাদেশি কৃষকের নিহত হওয়ার প্রসঙ্গ টেনে নাহিদ ইসলাম বলেন, ‘সীমান্তে গত ৫৪ বছরে হাজারো মানুষকে হত্যা করা হয়েছে। চুয়াডাঙ্গাতেই হত্যা করা হয়েছে দুই শতাধিক। এখন থেকে বাংলাদেশের জনগণ বাংলাদেশের সীমান্ত, মানচিত্র ও মানুষকে রক্ষা করার দায়িত্ব পালন করবে। সীমান্তে হত্যা কোনোভাবেই মেনে নেবে না।

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেন ‘গত ৫৪ বছর ধরে ভারতীয় আধিপত্যবাদ বাংলাদেশের জনগণের ওপর নির্যাতন চালিয়ে আসছে। আর কোনও ধরনের আধিপত্য মেনে নেবে না বাংলাদেশের তরুণরা। এ দায়িত্ব নিয়েই কাজ করবে এনসিপি। এ সময় শেখ হাসিনার সরকারের বিরুদ্ধে গণহত্যার অভিযোগ এনে নাহিদ ইসলাম আরও বলেন, ‘গুলির নির্দেশ দিয়েছেন শেখ হাসিনা, আর খুনিকে আশ্রয় দিয়েছে ভারত। ভারত যদি বাংলাদেশের সাথে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক চায়, সমতা ও মর্যাদার ভিত্তিতে হতে হবে। কেবল বাংলাদেশই ভারতের ওপর নির্ভরশীল নয়, ভারতও বাংলাদেশের ওপর নির্ভরশীল। এটা যেন ভারত কোনোভাবেই ভুলে না যায়। বাংলাদেশের মাটি ও মানচিত্র রক্ষা করা বাংলাদেশের ছাত্র ও যুবাদের দায়িত্ব। সেই দায়িত্ব আমরা নিয়েছি। জাতীয় নাগরিক পার্টি সেই লক্ষ্যে কাজ করবে।’

পথসভায় এনসিপির সদস্যসচিব আখতার হোসেন বলেন, ‘নতুন সংবিধান প্রণয়ন ছাড়া গণপরিষদ নির্বাচন সম্ভব নয়। এই অভ্যুত্থানের নেতৃবৃন্দ দেশকে নতুন জায়গায় নিতে চায়।’

তিনি আরও বলেন, ‘ভারত সরকারকে বলতে চাই, বাংলাদেশের জনগণের কাছে আপনাদের দায়বদ্ধ থাকতে হবে। মোদি সরকারকে বলছি, শেখ হাসিনাকে ফেরত দিন।’

শেখ হাসিনার মতো স্বৈরাচারী হিসেবে কাউকে আর গড়ে উঠতে দেওয়া হবে না বলেও হুঁশিয়ারি দেন আখতার হোসেন। সব রাজনৈতিক দলকে বাংলাদেশপন্থি রাজনীতির পথে হাঁটার আহ্বান জানান তিনি।

এনসিপির কেন্দ্রীয় নেতারা আলমডাঙ্গা উপজেলার হাটবোয়ালিয়া বাজার থেকে চুয়াডাঙ্গা জেলায় আনুষ্ঠানিকভাবে পদযাত্রা শুরু করেন। এরপর বেলা দেড়টায় আলমডাঙ্গা উপজেলা শহরের আল তায়েবা মোড়ে পৌঁছালে এনসিপি ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পক্ষ থেকে তাঁদের বরণ করে নেওয়া হয়। আলমডাঙ্গায় পদযাত্রা শেষে এসসিপির নেতারা চুয়াডাঙ্গা শহরের পথে রওনা দেন।

চুয়াডাঙ্গা শহীদ হাসান চত্ত্বরে এই পথসভায় দলের মুখ্য সংগঠক (উত্তরাঞ্চল) সারজিস আলম বলেন, ‘আমাদের শহীদ ভাইয়েরা যে আকাঙ্ক্ষা নিয়ে আত্মত্যাগ করেছেন, তা পূরণ হয়নি। সেই আকাঙ্ক্ষা পূরণ না হওয়া পর্যন্ত আপনাদের লড়াই চালিয়ে যেতে হবে।’

পথসভায় অন্যদের মধ্যে এনসিপির যুগ্ম সদস্যসচিব মোল্লা মোহাম্মদ ফারুক এহসান বক্তব্য দেন। এ সময় এনসিপির সদস্যসচিব আখতার হোসেন,

মুখ্য সংগঠক (দক্ষিণাঞ্চল) হাসনাত আবদুল্লাহ, জ্যেষ্ঠ যুগ্ম সদস্যসচিব তাসনিম জারাসহ দলটির চুয়াডাঙ্গার নেতৃবৃন্দ ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতারা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় ট্রেন লাইনচ্যুত, রেল যোগাযোগ বন্ধ

চুয়াডাঙ্গার উথলীতে চিটাগুড়বাহী একটি ট্রেন লাইনচ্যুত হয়েছে। আজ শুক্রবার বিকাল সাড়ে ৫টার দিকে উথলী রেলস্টেশনের ডাউন হোম সিগন্যালের কাছে এ ঘটনা ঘটে। এ ঘটনায় খুলনার সাথে চুয়াডাঙ্গাসহ সারাদেশের ট্রেন চলাচল বন্ধ রয়েছে।

জানা যায়, মোংলা থেকে ছেড়ে আসা সিরাজগঞ্জ বাজার অভিমুখী চিটাগুড়বাহী একটি ট্রেন আজ শুক্রবার বিকালে উথলী রেলস্টেশনে প্রবেশ করে। ক্রসিং শেষে ট্রেনটি লুপ লাইন থেকে মেইন লাইনে প্রবেশ করার সময় গার্ডব্রেকের একটি বগির পিছনের ৪টি চাকা লাইনচ্যুত হয়। ওই অবস্থায় অল্প একটু যাওয়ার পর ট্রেনটি পুরোপুরি থেমে যায়।

লাইনচ্যুত বগিটি রেখে বাকি ওয়াগনগুলো নিয়ে ট্রেনটি সন্ধ্যা পৌনে ৬টার দিকে দর্শনা অভিমুখে রওনা হয়েছে।

উথলী রেলস্টেশন মাস্টার মিন্টু কুমার রায় জানান, ট্রেন লাইনচ্যুত হওয়ার বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। তাদের সিদ্ধান্ত অনুযায়ী উদ্ধার কাজ শুরু করা হবে। আপাতত সবধরনের ট্রেন চলাচল বন্ধ রয়েছে।

চ্যানেল এস এর চুয়াডাঙ্গা প্রতিনিধি হলেন আফজালুল হক ও ক্যামেরা পারসন ফরহাদ হোসেন

বেসরকারি স্যাটেলাইট টিভি চ্যানেল ‘চ্যানেল এস’ এর চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি আফজালুল হক বাদল এবং ক্যামেরা পারসন হলেন, ফরহাদ হোসেন।

আফজালুল হক বাদল দৈনিক আজকের চুয়াডাঙ্গা পত্রিকার দর্শনা স্টাফ রিপোর্টার হিসেবে দায়িত্ব পালন করছেন। ফরহাদ হোসেন দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার দর্শনা প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করছেন। চ্যানেল এস এ নিয়োগ পাওয়ায় সকলের কাছে দোয়া কামনা করেছেন আফজালুল হক বাদল ও ফরহাদ হোসেন। একই সাথে পেশাগত দায়িত্ব পালনে সকলের সহযোগিতা চেয়েছেন।

এদিকে, দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন এবং সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন দুইজনকে আইডি কার্ড পরিয়ে দেন এবং শুভ কামনা সহ সুন্দরভাবে সংবাদ পরিবেশনের জন্য দিকনির্দেশনা দেন।

চুয়াডাঙ্গায় বসুন্ধরা শুভসংঘের নবগঠিত কমিটির পরিচিতি সভা

বসুন্ধরা শুভসংঘের চুয়াডাঙ্গা জেলা শাখার নতুন কমিটির পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বেলা এগারোটায় শহরের কোর্ট মোড়ের স্থানীয় দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার মিলনায়তনে এ সভার আয়োজন করা হয়। শুভসংঘের নবনির্বাচিত সভাপতি অ্যাড. আ স ম আব্দুর রউফের সভাপতিত্বে কমিটির ৩০ জন সদস্য সভায় অংশ নেন।

নবনির্বাচিত সাধারণ সম্পাদক হেমন্ত কুমার সিংহ রায়ের সঞ্চালনায়

পরিচিতি সভায় দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন উপদেষ্টা নাজমুল হক স্বপন, অ্যাড. মারুফ সারোয়ার বাবু, তালিম খসরু, জামান আখতার ও জিসান আহমেদ।

নবনির্বাচিত কমিটির সহ-সভাপতি ড. মুন্সি আবু সাঈফ, কামাল উদ্দীন জোয়ার্দ্দার; যুগ্ম সাধারণ সম্পাদক জান্নাতুল আওলিয়া নিশি, অ্যাড. নাজমুল আহসান; সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান সেলিম; দপ্তর সম্পাদক শেখ লিটন; প্রচার ও প্রকাশনা সম্পাদক শামসুজ্জোহা রানা; অর্থ সম্পাদক পলাশ কুমার সাহা; কর্ম ও পরিকল্পনা সম্পাদক সাকিব বিশ্বাস; নারী বিষয়ক সম্পাদক মাহমুদা অনি; সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক মনোয়ারা খুশি; সমাজকল্যাণ সম্পাদক সাইফুল্লাহ আল সাদিক; ক্রীড়া সম্পাদক সালমান ফারসি; তথ্য ও যোগাযোগ সম্পাদক সোহানুর রহমান; বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক জান্নাতুল মাওয়া; শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডা. রেজওয়ানুল হক সজীব; আপ্যায়ন বিষয়ক সম্পাদক তানজিম তমাল এবং কার্যনির্বাহী সদস্য সুমন পারভেজ, হুমায়ুন কবির রিমু, হেলেনা নাসরিন, সামিউল ইসলাম, মইন আশরাফ, ফিরোজ হোসেন, মিকাইল হোসেন, রাসেল আলী, নাফিস আহমেদ, কামাল পাশা ও সাদমান সাকিব রাকেশ উপস্থিত ছিলেন।

পরিচিতি সভায় উপদেষ্টা ও দৈনিক সময়ের সমীকরণ এর প্রধান সম্পাদক নাজমুল হক স্বপন বলেন, “বসুন্ধরা অর্থ পৃথিবী আর শুভসংঘ অর্থ শুভ কাজের জন্য একত্রিত হওয়া। পৃথিবীর সকল শুভ ও ভালো কাজের জন্য একত্রিত করার যে উদ্যোগ, তা নিশ্চয় সফলতা আনবে। এজন্য বসুন্ধরা গ্রুপকে ধন্যবাদ জানাই।”

উপদেষ্টা ও জেলা জজ কোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাড. মারুফ সারোয়ার বাবু বলেন, “বসুন্ধরা শুভসংঘের স্লোগান ‘শুভ কাজে সবার পাশে’। অর্থাৎ, সকল ভালো কাজের সঙ্গে বসুন্ধরা শুভসংঘ থাকবে এটিই প্রত্যাশা করি। এজন্য আমাদের সর্বাত্মক সহযোগিতা থাকবে।”

পরিচিতি সভা শেষে চুয়াডাঙ্গা জেলা আইনজীবী সমিতি চত্বরে একটি গাছের চারা রোপণ করা হয়। ‘গাছ লাগাই, ভবিষ্যৎ বাঁচাই’ প্রতিপাদ্যকে সামনে রেখে নতুন কমিটির শুভ উদ্যোগ হিসেবে গাছ লাগিয়ে কার্যক্রমের সূচনা করা হয়।

এ সময় শুভসংঘ চুয়াডাঙ্গা জেলা সভাপতি অ্যাড. আ স ম আব্দুর রউফ

বলেন, “শুভসংঘের এমন মহৎ উদ্যোগ সত্যিই সময়োপযোগী ও অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ধরনের কর্মসূচি সকলের মধ্যে সামাজিক দায়বদ্ধতা, পরিবেশ-সচেতনতা এবং মানবিক মূল্যবোধ গড়ে তোলে। শুধু প্রাতিষ্ঠানিক শিক্ষায় সীমাবদ্ধতা নেই, প্রকৃত শিক্ষা তখনই পূর্ণতা পায় যখন আমরা সমাজের জন্য, পরিবেশের জন্য কিছু করতে পারি।”

কর্মসূচিতে শুভসংঘ চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক হেমন্ত কুমার সিংহ রায় বলেন, “জলবায়ু পরিবর্তন, উষ্ণতা বৃদ্ধি এবং দিন দিন কমে যাওয়া সবুজ ভূমি আমাদের ভবিষ্যতের জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছে। আমরা বিশ্বাস করি, একটি গাছ লাগানো মানে একটি প্রাণ রক্ষা করা। এই কর্মসূচির মাধ্যমে আমরা পরিবেশ রক্ষায় তরুণদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে চাই।”

উল্লেখ্য, বসুন্ধরা গ্রুপের সহযোগিতায় পরিচালিত বসুন্ধরা শুভসংঘ দেশের বিভিন্ন প্রান্তে তরুণদের সম্পৃক্ত করে সমাজকল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। চুয়াডাঙ্গা জেলা শাখাও এ কার্যক্রমে অঙ্গীকারবদ্ধ।

চুয়াডাঙ্গায় বিসিক শিল্প নগরীর প্লট বরাদ্দ সংক্রান্ত উদ্বুদ্ধকরণ সভা

চুয়াডাঙ্গায় বিসিক শিল্প নগরীর প্লট বরাদ্দ সংক্রান্ত উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আজ বুধবার বিকাল তিনটার সময় বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) জেলা কার্যালয় চুয়াডাঙ্গার উদ্যোগে এবং জেলা প্রশাসন চুয়াডাঙ্গার সার্বিক সহযোগিতায় বিসিক শিল্পনগরীর প্লট বরাদ্দ প্রদান সংক্রান্ত একটি উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করা হয়।

আলোচনা সভায় চুয়াডাঙ্গা জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মূল্যবান বক্তব্য প্রদান করেন স্থানীয় সরকারের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) শারমিন আক্তার। সভায় বিসিক শিল্পনগরীতে প্লট বরাদ্দ সংক্রান্ত নীতিমালা, প্রক্রিয়া এবং উদ্যোক্তাদের জন্য বিদ্যমান সুযোগ-সুবিধা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

এ সভার মূল লক্ষ্য ছিল চুয়াডাঙ্গা জেলার সম্ভাবনাময় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদেরকে বিসিক শিল্পনগরীতে বিনিয়োগে উৎসাহিত করা এবং শিল্প বিকাশের মাধ্যমে কর্মসংস্থান ও অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিসিক চুয়াডাঙ্গার উপব্যবস্থাপক এ বি এম আনিসুজ্জামান।

এছাড়াও সভায় জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন ব্যাংকের প্রতিনিধিগণ, স্থানীয় ব্যবসায়ীবৃন্দ, মাঝারি ও ক্ষুদ্র উদ্যোক্তা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ সংশ্লিষ্ট বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধি উপস্থিত ছিলেন।

সভায় অংশগ্রহণকারীগণ বিসিক শিল্পনগরীর ভূমি ব্যবস্থাপনা, অবকাঠামোগত সুবিধা, অর্থায়নের সুযোগ এবং উদ্যোক্তাদের জন্য সম্ভাব্য করণীয় বিষয়ে আলোচনা করেন। অংশগ্রহণকারীরা এই উদ্যোগকে স্বাগত জানান এবং জেলা পর্যায়ে শিল্পোন্নয়নে বিসিকের কার্যক্রম আরও গতিশীল করার আহ্বান জানান।

চুয়াডাঙ্গায় ধর্ষণ মামলায় দুইজনের যাবজ্জীবন কারাদণ্ড

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা ও জীবননগর উপজেলার পৃথক দুটি ধর্ষণ মামলায় নাজমুল হক ও আব্দুল খালেক নামের দুজনের যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ দিয়েছেন আদালত। একইসাথে তাদের এক লাখ টাকা করে জরিমানার আদেশ দেয়া হয়েছে।

আজ বুধবার দুপুরে চুয়াডাঙ্গা নারী ও শিশু নির্যাতন দমন